

## কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে আন্দোলন চলছে

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ১৩ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)। - বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি অনুষদে ১লা ডিসেম্বর তালা খুলিয়ে দিয়েছে ছাত্র-ছাত্রীরা, আন্দোলনে নেমেছে কৃষি প্রকৌশলী ও কারিগরি অনুষদ, ১লা জানুয়ারী নাগাদ এ অনুষদেও তালা খুলবে বলে জানা গেছে। গেল কয়েকমাস আগে মাৎস্য, বিজ্ঞান অনুষদ পশুপালন অনুষদ, পশুচিকিৎসা অনুষদ আন্দোলন করেছে। পশুচিকিৎসা অনুষদ তাদের দাবি দাওয়ার

ব্যাপারে আশ্বাস পাওয়ার পর আন্দোলন বন্ধ করেছে তবে আবারো আন্দোলন শুরু হতে পারে বলে জানা গেছে।

কৃষি অর্থনীতি অনুষদের ছাত্রছাত্রীরা গত ৭ই ডিসেম্বর ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও আমতলায় সমাবেশ করেছে। সমাবেশে বক্তারা আন্দোলনের কারণসমূহ উল্লেখ করে বলেছেন, যতদিন পর্যন্ত দাবি মানা না হবে ততদিন অনুষদ বন্ধ থাকবে। তাদের দাবিগুলোর মধ্যে রয়েছে বি.সি.এস ক্যাডার সার্ভিস চালু করা সহ কৃষি ও অর্থনীতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে। তাদের পরবর্তী কর্মসূচী সমূহের মধ্যে রয়েছে প্রেস বিক্ষোভ, রেল অবরোধ, বিক্ষোভ মিছিল প্রভৃতি। ৭ই ডিসেম্বরের সমাবেশে সভাপতিত্ব করেন মাহবুবুর রহমান মুকুল এবং বক্তব্য রাখেন জিয়া হায়দার, শামীমুর রহমান, আরিফ শেখ মোঃ মাসুদ ও শিল্পী।

কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের ছাত্র-ছাত্রীদের পক্ষে অনুষ্ঠিত সমিতির সহ-সভাপতি শামীমুজ্জামান, ফিরোজ জানিয়েছেন, আগামী ১লা জানুয়ারীর মধ্যে বি.সি.এস ক্যাডার সার্ভিস ও ব্যাপক কর্মসংস্থানের ব্যাপারে কর্তৃপক্ষ কোন নিশ্চয়তা না দিলে অনুষদ বন্ধ করে দেয়া হবে। পরবর্তী কর্মসূচীর মধ্যে রয়েছে জাতীয় সংসদের শীতকালীন অধিবেশনে স্পীকারের নিকট স্বাক্ষরকলিপি পেশ, সংসদ উপনেতা ও বিরোধী দলীয় নেত্রীর নিকট স্বাক্ষরকলিপি পেশ, ক্যাম্পাসে অনশন ধর্মঘট এবং ২৩শে ডিসেম্বর ঢাকায় জাতীয় প্রেসক্রাভে সাংবাদিক সম্মেলন। বর্তমানে ক্যাম্পাসে প্রতিদিন দু'টি অনুষদের ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল, উপাচার্যের কার্যালয় ঘেরাওসহ বিভিন্ন কর্মসূচীতে অংশ নিচ্ছে।

প্রসঙ্গত উল্লেখ্য, দু'টি অনুষদের ছাত্রসভাটি ব্যাচ পাস করে বেকারত্বে ভুগছে। কৃষিভিত্তিক বাংলাদেশের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয়টির ছাত্রছাত্রীদের দাবি মেনে না নেয়া হলে বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়তে পারে বলে আশংকা করা হচ্ছে।